



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা - ১০০০।

জনসংযোগ বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং-১২.২০৭.০১৭.০০.০০.০৭৪.২০১৪- ৮৮

তারিখ: ১৯ অক্টোবর ২০১৬

### সংবাদ বিজ্ঞপ্তি

#### খাদ্য মেলা ২০১৬ এ বিএডিসি স্টলের প্রথম পুরস্কার লাভ

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) বিশ্ব খাদ্য দিবস ২০১৬ উপলক্ষ্যে রাজধানীর ফার্মগেটে বিএআরসি চত্বরে কৃষি মন্ত্রণালয় আয়োজিত তিন দিনব্যাপী খাদ্য মেলায় অংশগ্রহণকারী স্টলসমূহের মধ্যে এককভাবে প্রথম পুরস্কার অর্জন করেছে।

গত ১৮ অক্টোবর ২০১৬ তারিখে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল চত্বরে খাদ্য মেলার সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ নজমুল ইসলাম এর কাছ থেকে বিএডিসি'র পক্ষে প্রথম পুরস্কার গ্রহণ করেন সংস্থার মহাব্যবস্থাপক (উদ্যান) জনাব মো: আলী আসগর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের নির্বাহী চেয়ারম্যান ড. আবুল কালাম আযাদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মো: মোশারফ হোসেন। উল্লেখ্য এবারের খাদ্য মেলার প্রতিপাদ্য বিষয় ছিল "জলবায়ু পরিবর্তনের সাথে খাদ্য এবং কৃষিও বদলাবে"। ১৬-১৮ অক্টোবর অনুষ্ঠিত খাদ্যমেলায় বিএডিসি'র স্টলে আধুনিক কৃষি প্রযুক্তির বিভিন্ন মডেল, হাইব্রিডসহ উন্নত জাতের মানসম্পন্ন বিভিন্ন ফসলের বীজ, সংস্থার খামারে উৎপাদিত বিভিন্ন ফলমূল ও শাকসবজি প্রদর্শন করা হয়। বিএডিসি'র চেয়ারম্যান জনাব মো: নাসিরুজ্জামান, সদস্য পরিচালক (স্কুদ্রনেচ) ও সংস্থার সচিব জনাব মো: মনোয়ারুল ইসলাম, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) জনাব মো: আব্দুল জলিলসহ সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বিএডিসি'র স্টল পরিদর্শন করেন।

*(স্বাক্ষর)* ১৯/১০/১৬

(শেখ মোহাম্মদ সাইফুল ইসলাম)

জনসংযোগ কর্মকর্তা

বিএডিসি, ঢাকা

ফোন: ৯৫৫২২৫৬

ই-মেইল: pro@badc.gov.bd